

শিল্পীঃ রথীন্দ্রনাথ রায়  
সুরকারঃ খাদেমুল ইসলাম বসুনিয়া  
গীতিকারঃ আলী মহসিন রাজা

আমার এ দেশ সব মানুষের, সব মানুষের ।।  
চাষাদের, মুটেদের, মজুরের ।।  
গরিবের নিঃস্বের ফকিরের  
আমার এ দেশ সব মানুষের, সব মানুষের ।।  
নেই ভেদাভেদ হেথা চাষা আর চামারে,  
নেই ভেদাভেদ হেথা কুলি আর কামারে ।।  
হিন্দু, মুসলিম, বৌদ্ধ, খ্রিস্টান ।।  
দেশ মাতা এক সকলের ।

লাঙলের সাথে আজ চাকা ঘোরে এক তালে  
এক হয়ে মিশে গেছি আমরা সে যে কোন কালে ।।  
মন্দির, মসজিদ, গীর্জার আবাহনে ।।  
বাণী শুনি একই সুরের ।

ছোটদের বড়দের সকলের ।।  
গরিবের নিঃস্বের ফকিরের  
আমার এ দেশ সব মানুষের, সব মানুষের ।।  
সব মানুষের, সব মানুষের ।  
সব মানুষের,  
সব মানুষের ।

চাষাদের, মুটেদের, মজুরের ।।  
গরিবের নিঃস্বের ফকিরের  
আমার এ দেশ সব মানুষের, সব মানুষের ।।  
সব মানুষের, সব মানুষের ।

ও আলোর পথযাত্রী ।।  
কথা ও সুর: সলীল চৌধুরী ।।  
কণ্ঠ: সবিতা চৌধুরী, মান্না দে ও অন্যান্য

ও আলোর পথযাত্রী, এ যে রাত্রী  
এখানে থেমোনা  
এ বালুচরে আশার তরণী তোমার  
যেন বেঁধোনা  
আমি শ্রান্ত যে, তবু হাল ধর  
আমি রিক্ত যে, সেই সান্তনা,  
তব ছিন্ন পালে জয় পতাকা তুলে,  
সূর্য তোরণ দাও হানা ।।

আহা বুক ভেঙ্গে ভেঙ্গে,  
পথে নেমে শোণিত কণা  
কত যুগ ধরে ধরে  
করেছে তারা সূর্য রচনা  
আর কত দূর, ওই মোহানা  
এ যে কুয়াশা, এ যে ছলনা  
এই বঞ্চনাকে পার হলেই পাবে  
জন সমুদ্রের ঠিকানা ।।

আহ্নান, শোন আহ্নান,  
আসে মাঠ-ঘাট বন পেরিয়ে  
দুস্তর বাধা প্রস্তর ঠেলে  
বন্যার মত বেরিয়ে  
যুগ সঞ্চিত সুপ্তি দিয়েছে সাড়া  
হিমগিরি গুনল কি সূর্যের ইশারা  
যাত্রা শুরু উচ্ছল চলে দুর্বার বেগে তটিনী,  
উত্তাল তালে উদ্যাম নাচে মুক্ত স্রোত নটিনী  
এ শুধু সত্য যে নব প্রাণে জেগেছে,  
রণ সাজে সেজেছে, অধিকার অর্জনে ।